# AKASHVANI (AIR)

# RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date 06-06-2025** **Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) নদিয়ার কালিগঞ্জে আসন্ন উপনির্বাচনের দিন বুথের বাইরে লাইন সামলানো সহ বিভিন্ন দায়িত্বে এনসিসি ক্যাডেটদের কাজে লাগাচ্ছে নির্বাচন কমিশন।

২) রাজ্য সরকার ২০২৬ সালের মধ্যে *হাম ও রুবেলার* মতো ছোঁয়াচে রোগ সম্পূর্ণ নির্মূল করতে তৎপর হয়েছে।

৩) ব্যাংকের কাজ সুষ্ঠু ও মসৃনভাবে সম্পন্ন করতে কেন্দ্রীয় সরকার ব্যাংক কর্মীদের নিরাপত্তা সুনশ্চিত করার নির্দেশ দিয়েছে।

৪) আগামীকাল ঈদ উল আজহা। ত্যাগের এই উৎসবকে কেন্দ্র করে বিভিন্ন স্থানে চলেছে জোরদার প্রস্তুতি।

৫) বীরভূমের তৃণমূল কংগ্রেস নেতা অনুব্রত মন্ডল সম্প্রতি বোলপুর থানার আই সি-কে কদর্য ভাষায় গালাগালি দেওয়ার পরিপ্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে কি ব্যবস্থা নেওয়া হয়েছে, তা জানতে চেয়ে জাতীয় মহিলা কমিশন, রাজ্য পুলিশের ডিজিকে চিঠি দিয়েছে।

---

নদিয়ার কালিগঞ্জে ১৯ জুনের উপনির্বাচনের দিন বুথের বাইরে লাইন সামলানো, বয়স্ক ও শারীরিকভাবে অক্ষম ভোটারদের সহায়তা করা এবং ভোটারদের মোবাইল

ফোন জমা নেওয়ার মতো গুরুত্বপূর্ণ দায়িত্ব এবার এনসিসি ক্যাডেটদের হাতে তুলে দিচ্ছে নির্বাচন কমিশন। তবে যে সকল এনসিসি সদস্যরা এই কাজে নিযুক্ত হবে, তাদের বয়স ১৮ বছরের কম হতে হবে বলে জানানো হয়েছে। কমিশনের নতুন নির্দেশিকা অনুযায়ী, ভোটাররা ফোন সঙ্গে আনলেও, লাইনে দাঁড়ানোর পর তা বন্ধ করে বুথ লেভেল অফিসারের কাছে টোকেনের বিনিময়ে জমা রাখতে হবে। ভোট দিয়ে বেরিয়ে সেই টোকেন দেখিয়ে ফোন ফেরত নেওয়া যাবে।

উল্লেখ্য, এনসিসি ক্যাডেটদের এই দায়িত্ব পালন নিয়ে জেলা প্রশাসনের মাধ্যমে স্কুলগুলো থেকে নামের তালিকা সংগ্রহ করে নির্বাচন কমিশনের কাছে পাঠানো হয়েছে। ভোটের আগেই এই ছাত্রছাত্রীদের বিশেষ প্রশিক্ষণ দেওয়া হবে। তাদের জন্য পানীয় জল ও খাবারের ব্যবস্থাও রাখতে হবে বলে জেলা প্রশাসনকে নির্দেশ দিয়েছে কমিশন।

-----------------------

রাজ্য সরকার ২০২৬ সালের মধ্যে *হাম ও রুবেলার* মতো ছোঁয়াচে রোগ সম্পূর্ণ নির্মূল করতে তৎপর হয়েছে। সে কারণে রাজ্যের ২৩টি পুরসভা এলাকায় বিশেষ টিকাকরণ অভিযান শুরু করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ওই পুর এলাকায় বহু শিশু এখনও এই দুটি রোগের টিকা নেয়নি। নারী ও শিশুকল্যাণ, স্বাস্থ্য এবং পুর ও নগরোন্নয়ন দফতর যৌথভাবে এই উদ্যোগ নিয়েছে। ইতিমধ্যেই ১০টি জেলাকে চিঠি দিয়ে এই সংক্রান্ত নির্দেশ পাঠিয়েছে। পুরসভাগুলিতে কীভাবে অভিযান চালাতে হবে, তা জানিয়ে পাঠানো হয়েছে স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিওর। অভিযানে যেসব পুরসভা যুক্ত থাকবে, তার মধ্যে রয়েছে হাওড়া, ডায়মন্ডহারবার, কলকাতার একাধিক বরো, চন্দননগর, বিধাননগর প্রভৃতি।

-----------------------

ব্যাংকের কাজ সুষ্ঠু ও মসৃনভাবে সম্পন্ন করতে কেন্দ্রীয় সরকার ব্যাংক কর্মীদের নিরাপত্তা সুনশ্চিত করার নির্দেশ দিয়েছে। কেন্দ্রীয় অর্থ মন্ত্রকের আর্থিক বিভাগের সচিব এম নাগারাজু অন্যান্য সব রাজ্যের সঙ্গে এই রাজ্যের মুখ্যসচিব মনোজ পন্থকে এই বিষয়ে চিঠি দিয়েছেন। চিঠিতে তিনি ব্যাংকের শাখার ভিতরে কোন রকম অপ্রীতিকর অবস্থা এড়াতে কাজের সময় সেখানে পর্যাপ্ত পুলিশ মোতায়েন রাখার পাশাপাশি নজরদারি বৃদ্ধির অনুরোধ করেছেন। এই বিষয়ে জেলাশাসক ও স্থানীয় পুলিশ প্রশাসনেরও সহায়তা নেওয়ার কথা বলা হয়েছে।

-----------------------

অরক্ষিত বাংলাদেশ সীমান্তে কাঁটাতার বসানোর কাজ ত্বরান্বিত করতে বাকি থাকা ৩৫৬ একর জমি জেলা প্রশাসনকে দ্রুত বিএসএফের হাতে হস্তান্তরের নির্দেশ দিয়েছে রাজ্য সরকার। ইতিমধ্যেই ৬৬ কিলোমিটার কাঁটাতার বসানোর জন্য প্রয়োজনীয় ৩২৪ একর জমি বিএসএফকে হস্তান্তর করা হয়েছে। বাকি জমি মালিকদের থেকে অধিগ্রহণ করে হস্তান্তরের দায়িত্ব সংশ্লিষ্ট জেলা প্রশাসনকে দেওয়া হয়েছে। উল্লেখ্য, সীমান্তে কাঁটাতার দেওয়ার জন্য ১ হাজার ৫০৫ একর জমি প্রয়োজন। ইতিমধ্যেই ১ হাজার ৪ শো ১২ একর জমি হস্তান্তরের অনুমোদন দেওয়া হয়েছে।

-----------------------

উত্তর ২৪ পরগনার গোবরডাঙ্গা থানার মসলন্দপুর বিধান পল্লী এলাকায় ২ বাংলাদেশী মহিলাকে গ্রেপ্তার করেছে পুলিশ। তাদের ইতস্তত ভাবে এদিক ওদিক ঘোরাঘুরি করতে দেখে পুলিশ ওই দুই মহিলাকে জিজ্ঞাসাবাদের জন্য আটক করে।

পরে তারা ভিসা, পাসপোর্ট, আধার বা ভোটার কার্ড এর মত ভারতীয় কোন নথি দেখাতে না পাড়ায় তাদের গ্রেপ্তার করা হয়।

অন্যদিকে, জেলার বনগাঁ থেকেও তিন বাংলাদেশী ও চার ভারতীয় দালালকে পুলিশ গ্রেপ্তার করেছে। এদের মধ্যে পাইকপাড়া এলাকা থেকে ধরা হয় রূপা বিশ্বাস নামে এক মহিলা ও রানা বিশ্বাস নামে এক দালালকে। তারা স্বামী স্ত্রী বলে রূপার দাবি। ২ বছর আগে তিনি বাংলাদেশ থেকে ভারতে এসেছিলেন।

এছাড়াও কলমবাগান থেকে আরও দুই বাংলাদেশি মহিলা ও তিন দালালকে ধরা হয়েছে। ধৃত নাজমা আখতার ও নাজমা সর্দার চোরা পথে বাংলাদেশ থেকে এদেশে ঢুকে অন্য রাজ্যে কাজ করত। ধরপাকড়ের খবর পেয়ে আবার বাংলাদেশে ফেরার পথে তাদের ধরা হয়। ধৃতদের আজ বনগাঁ মহকুমা আদালতে তোলা হলে তিনদিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়।

-----------------------

রাজ্য সরকার, জগন্নাথ ধাম সাংস্কৃতিক কেন্দ্রের মিষ্টি বিতরণের যে সিদ্ধান্ত নিয়েছে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী তার তীব্র সমালোচনা করেছেন। তিনি অভিযোগ করেছেন, রাজ্য সরকার জগন্নাথ ধাম সাংস্কৃতিক কেন্দ্রের প্রসাদের নামে স্থানীয় মিষ্টির দোকান থেকে মিষ্টি বিতরণ করছে। তাঁর অভিযোগ, মুখ্যমন্ত্রী ও রাজ্য সরকার বহু সময় হিন্দুদের আস্থায় আঘাত ও অবজ্ঞা করেছে। তবে অনেক সময় তিনি হিন্দু ধর্ম পালনে অনুরাগী বলে নিজেকে প্রমাণ করার চেষ্টা করছেন। বিরোধী দলেনাতর আরও অভিযোগ, রাজ্য মন্ত্রিসভার বৈঠকে ওবিসি সংরক্ষণের জন্য যে তালিকা তৈরি হয়েছে সে ক্ষেত্রেও সংখ্যালঘু তোষণ করা হয়েছে।

-----------------------

সেবা, সুশাসন ও গরিব কল্যাণের নীতিকে সামনে রেখে বিগত এক দশকে ভারত এক অসাধারণ রূপান্তরের সাক্ষী থেকেছে। আকাশবাণী সংবাদ-এর বিশেষ প্রতিবেদনে আজ তুলে ধরা হচ্ছে গত ১১ বছরে সরকারের বিভিন্ন প্রধান খাতে নেওয়া উদ্যোগ। আজকের বিষয় — সাংস্কৃতিক ঐতিহ্য রক্ষা, যা ভারতের সভ্যতার প্রাচীন গৌরব পুনরুদ্ধারের অন্যতম চাবিকাঠি। আমাদের প্রতিনিধি কাশফিন নাহারের একটি প্রতিবেদন।

VC

ভারতের এই সংস্কৃতির আলো আজ ঘরের গণ্ডি পেরিয়ে বিশ্বকে গৌরবের সঙ্গে, আস্থার সঙ্গে পথ দেখাচ্ছে।

----------------------

আগামীকাল ঈদ উল আজহা। ত্যাগের এই উৎসবকে কেন্দ্র করে বিভিন্ন স্থানে চলেছে জোরদার প্রস্তুতি। সকালে মুসলিম ধর্মাবলম্বীরা মসজিদ ও ঈদগায় বিশেষ ঈদের নামাজে সামিল হবেন। তারপর ঈশ্বরের প্রতি আনুগত্যের নিদর্শন হিসাবে প্রিয় পোষ্যকে উৎসর্গ করারও রেওয়াজ রয়েছে।

ঈদ উপলক্ষে মুর্শিদাবাদের বিভিন্ন গঞ্জ, মফস্বল ও শহরের বাজারহাটেও শেষ মুহূর্তের প্রস্তুতি জমে উঠেছে। আমাদের জেলা সংবাদদাতার জানাচ্ছেন,

ভয়েসকাস্ট

এদিকে ঈদ উপলক্ষ্যে উত্তর ২৪ পরগণার পেট্রাপোল-বেনাপোল সীমান্ত দিয়ে ভারত ও বাংলাদেশের মধ্যে আমদানি রপ্তানি ১৪ই জুন পর্যন্ত বন্ধ রয়েছে। ১৫ তারিখ

থেকে পরিষেবা ফের চালু হবে বলে জানানো হয়েছে। টানা ১০ দিন বন্ধ এই বাণিজ্য বন্ধ থাকলে ব্যবসায়ীরা ব্যাপক ক্ষতির আশঙ্কা করছেন। তবে বাণিজ্য পুরোপুরি বন্ধ থাকলেও যাত্রী পারাপার চালু রয়েছে।

-----------------------

ঈদের জামায়াতের কারণে রেড রোড সহ কলকাতার বেশ কিছু রাস্তায় আজ ও আগামীকাল যান চলাচল নিয়ন্ত্রণ করা হবে। প্রতিবারের মত এবারেও মূল জমায়েত হবে রেড রোডে বা ইন্দিরা গান্ধী সরণীতেই। সেই কারণে আজ রাত ১০টা থেকে আগামীকাল বেলা ১২টা পর্যন্ত রেড রোডে যান চলাচল সম্পূর্ণ নিষিদ্ধ করা হয়েছে। পার্শ্ববর্তী কিছু রাস্তাতেও যান নিয়ন্ত্রণ করা হবে। বিশেষ করে ময়দানের দিক থেকে আসা ও যাওয়ার গাড়িগুলিকে ঘুরিয়ে দেওয়া হবে অন্য রুটে।

এছাড়া পার্ক সার্কাস, মেটিয়াবুরুজ, গার্ডেনরিচ, মহেশতলা, টালিগঞ্জ, চিৎপুর, শ্যামবাজার, বেলগাছিয়া, বউবাজার, শিয়ালদহ এলাকাতেও ভোর ৪টা থেকে বেলা ১২টা পর্যন্ত যান নিয়ন্ত্রণ করা হবে বলে পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে। গার্ডেনরিচ ও বন্দর সংলগ্ন এলাকাতেও কিছু সময়ে পণ্যবাহী গাড়ি নিয়ন্ত্রিত থাকবে। প্রয়োজনে অন্য কয়েকটি রাস্তাযতেও রুট পরিবর্তন বা যানবাহন সাময়িক বন্ধ রাখা হতে পারে বলে পুলিশ সূত্রে জানা গেছে।

-----------------------

ঈদ উপলক্ষ্যে আগামীকাল সর্বত্র শান্তি শৃঙ্খলা বজায় রাখতে সিপিআইএম, রাজ্যবাসীর প্রতি আবেদন জানিয়েছে। কলকাতায় আজ এক সাংবাদিক সম্মেলনে সিপিআইএম এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম এই আর্জি জানান। এই উৎসব যাঁরা

পালন করবেন তাঁরা যাতে তাঁদের আবেগ সংযত করে , তা পালন করেন সে দিকেও নজর দেওয়ার অনুরোধ জানান তিনি।

প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার ও সৌ ভ্রাতৃত্ব ও শান্তির আবহে পবিত্র ঈদ উদ যোহা পালনের আর্জি জানিয়েছেন ।

-----------------------

বীরভূমের তৃণমূল কংগ্রেস নেতা অনুব্রত মন্ডল সম্প্রতি বোলপুর থানার আই সি-র মা এবং স্ত্রী সম্পর্কে যে কুরুচিকর মন্তব্য করেছে, তার বিরুদ্ধে কি পদক্ষেপ নেওয়া হয়েছে, তা জানতে চেয়ে জাতীয় মহিলা কমিশন রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমারকে চিঠি দিয়েচেন। ৭২ ঘন্টার মধ্যে এ সংক্রান্ত রিপোর্ট পেশ করতে বলা হয়েছে। যেকোনো মহিলার বিরুদ্ধে এধরনের মন্তব্য সামাজিক মূল্যবোধের অবক্ষয় বলে চিঠিতে উল্লেখ করে অনুব্রতর বিরুদ্ধে অভিযোগের যথেষ্ট থযপ্রমাণ থাকা সত্ত্বেও কেন রাজ্য পুলিশ তার বিরুদ্ধে কোনো পদক্ষেপ নেয়নি, কমিশন তাও জানতে চেয়েছে।

এদিকে, বিজেপি অনুব্রতর এই ধরনের মন্তব্যের কড়া সমালোচনা করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেছেন, মহিলাদের সম্মান রক্ষায় তারা অঙ্গীকারবদ্ধ। এর প্রতিবাদে আগামী সোমবার তারা বোলপুর শহরে নারীর সম্মান যাত্রার আয়োজন করবেন।

বাইট

অন্যিদকে, দলনেত্রী তৃণমূল কংগ্রেস মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির বিরুদ্ধে কুৎসা ও অপপ্রচারের পাল্টা অভিযোগ এনেছে। তাকে নিয়ে বিজেপি নেতাদের মন্তব্যের প্রতিবাদে দলের মহিলা শাখা আজ কলকাতায় এক মিছিলে সামিল হয়। মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য র

নেতৃত্বে দক্ষিন কলকাতার ট্রাঙ্গুলার পার্ক থেকে হাজরা মোড় পর্যন্ত এই মিছিলে অংশ নেন শশী পাঁজা, মালা রায়, স্মিতা বক্সী প্রমুখ। মিছিলের জেরে তীব্র যানজটে নিত্যযাত্রীরা সমস্যায় পড়েন।

---------------------- ----------------------